

ঢাকা, ১২ মে ২০১৯

আজ স্থানীয় সময় বেলা সাড়ে এগারোটায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি মালয়েশিয়ার কুয়ালালামপুর থেকে ৫০ কিঃমিঃ দূরে সেলানগরে অবস্থিত 'সেঙ ইপ ফার্নিচার বিএসডিএন' নামক চীনা মালিকানাধীন কারখানা পরিদর্শন করেছেন। উল্লেখ্য, এতে কর্মরত ১২০০ কর্মীর সাতশ কর্মীই বাংলাদেশি নাগরিক।

কারখানার পরিচালক মিঃ লিম এবং সর্বস্তরের কর্মীরা প্রতিমন্ত্রী ইমরান আহমদকে উষ্ণ অভ্যর্থনা জানান। পরিদর্শনকালে প্রতিমন্ত্রী কারখানার বাংলাদেশি কর্মীদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। কর্মীরাও প্রতিমন্ত্রীকে কাছে পেয়ে খুবই উচ্ছাস প্রকাশ করেছে। তারা প্রতিমন্ত্রীর কাছে তাদের নানা অভিজ্ঞতা-অনুভূতি ব্যক্ত করে বিভিন্ন দাবি পেশ করেছে।

মতবিনিময়কালে ইমরান আহমদ এমপি কর্মীদেরকে স্থানীয় আইন-কানুন ও রীতিনীতি যথাযথ ভাবে মেনে চলার আহ্বান জানিয়েছেন। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে প্রবাসী কর্মীদের সর্বপ্রকার সহযোগিতার আশ্বাস দিয়ে প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার প্রবাসীদের কল্যাণে নানা উদ্যোগ গ্রহণ করেছে। দক্ষতা আর নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে বিদেশের মাটিতে দেশের সুনাম অক্ষুণ্ণ রাখতে হবে।

এসময় তাঁর সাথে আরো উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মনিরুহু সালেহীন ও মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশনের শ্রম কাউন্সিলর মোঃ জহিরুল ইসলাম।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০১৭১২৩৮০৪৩৫.

